East Kent Hospitals University NHS Foundation Trust

নিম্ন গর্ভাবস্থার সাথে সম্পর্কিত প্লাজমা প্রোটিন-এ (PAPP-A) নারী, জন্মদানকারী ব্যক্তি [জন্মদাত্রী] এবং তাদের পরিবারের জন্য তথ্য

এই লিফলেটটি সেইসব নারী অথবা জন্মদাত্রীদের জন্য, যাদের **PAPP-A** কম পাওয়া গেছে। নিম্ন **PAPP-A** [লো পিএপিপি-এ] আনুষ্ঠানিকভাবে কম গর্ভাবস্থা সম্পর্কিত প্লাজমা প্রোটিন-এ নামে পরিচিত।

PAPP-A কী?

PAPP-A হলো একটি প্রোটিন, যেটি প্ল্যাসেন্টা বা গর্ভফুল (প্রসবের পরে) দ্বারা তৈরি একটি হরমোন। এটি সম্মিলিত স্ক্রিনিংয়ে রক্ত পরীক্ষার অংশ হিসেবে পরিমাপ করা হয়।
নিম্ন **PAPP-A** কে 0.415 **MoM (**মধ্যমার বহুগুণ) এর কম হিসেবে সংজ্ঞায়িত করা হয়।

নিম্ন PAPP-A বলতে কী বোঝায়?

প্রতি 100টি গর্ভাবস্থার মধ্যে প্রায় 5টিতে নিম্ন **PAPP-A** এর মাত্রা পাওয়া যায়। নিম্ন **PAPP-A** সহ বেশিরভাগ শিশু স্বাভাবিক জন্মের সময়কার ওজন সহ ঠিক সময়ে জন্মগ্রহণ করে। এটি সাধারণত আপনার গর্ভাবস্থা বা জন্ম পরিকল্পনাকে প্রভাবিত করে না।
PAPP-A-এর নিম্ন মাত্রা গর্ভাবস্থাজনিত জটিলতা বেড়ে যাওয়ার সম্ভাবনার সঙ্গে যুক্ত হতে পারে। এই জটিলতাগুলির মধ্যে থাকতে পারে:

- প্রত্যাশার চেয়ে ছোট শিশু (বৃদ্ধি সীমাবদ্ধ); বা
- প্রত্যাশার চেয়ে আগে জন্ম নেওয়া (অপরিণত) একটি শিশু।

প্রি-এক্লাম্পসিয়া [উচ্চ রক্তচাপ সহ গর্ভাবস্থার একটি জটিলতা] হওয়ার সম্ভাবনাও কিছুটা বেশি। প্রি-এক্লাম্পসিয়া এমন একটি অবস্থা, যা গর্ভাবস্থায় সাধারণত ২০ সপ্তাহ পরে বিকশিত হতে পারে। এটি রক্তচাপ এবং কিডনির কার্যকারিতাকে প্রভাবিত করে। আপনাকে এবং আপনার শিশু উভয়কেই নিরাপদ রাখতে প্রি-এক্লাম্পসিয়া হলে সতর্ক পর্যবেক্ষণ প্রয়োজন।
এই জটিলতাগুলি বিকাশিত হওয়ার ঝুঁকি কম। আপনাকে এবং আপনার শিশুকে যতটা সম্ভব নিরাপদে রাখা নিশ্চিত করার জন্য আপনাকে অতিরিক্ত পর্যবেক্ষণের প্রস্তাব দেওয়া হবে।

আমার গর্ভাবস্থায় এটির অর্থ কী?

এখন যেহেতু আপনার রক্ত পরীক্ষার ফলাফল চলে এসেছে, আপনাকে কিছু অতিরিক্ত পরীক্ষা

করানোর প্রস্তাব দেওয়া হতে পারে। নিচের কোন পরীক্ষাটি আপনার করা হয়েছে, তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং আপনার স্ক্যানের ফলাফলের উপর নির্ভর করবে।

- **জরায়ুর ধমনীর ডপলার পরিমাপ** এই পরিমাপ আমাদেরকে আপনার শরীর থেকে আপনার শিশুর শরীরে (আপনার গর্ভে) রক্ত প্রবাহ সম্পর্কে আরও তথ্য দেয়। আপনার

নিয়মিত 20-সপ্তাহের অ্যানোমালি স্ক্যান করার সময় এই পরিমাপটি নেওয়া হবে। এই স্ক্যানটিকে গর্ভাবস্থার মাঝামাঝি সময়ের স্ক্যান বা বিস্তারিত স্ক্যানও বলা যেতে পারে।

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে **জরায়ুর ধমনীর ডপলার আল্ট্রাসাউন্ড** নামক লিফলেটটি পড়ুন।

- **বৃদ্ধির স্ক্যান**. আপনার শিশুর বৃদ্ধি পর্যবেক্ষণ করার জন্য আপনাকে একাধিক স্ক্যান করার প্রস্তাব দেওয়া হবে। এর মধ্যে রয়েছে অ্যামনিওটিক তরলের পরিমাণ (শিশুর চারপাশের পানি) পরিমাপ করা।

এই স্ক্যান এবং পরিমাপগুলি আপনার গর্ভাবস্থায় আপনাকে এবং আপনার শিশুকে সহায়তা করতে

আমাদের সাহায্য করে। এগুলি কত ঘন ঘন হবে [ফ্রিকোয়েন্সি], তা আপনার এবং আপনার শিশুর স্বতন্ত্র পরিস্থিতির উপর নির্ভর করবে। এগুলি আপনার এবং আপনার শিশুর সুস্থতা সম্পর্কে আমাদের গুরুত্বপূর্ণ তথ্য দেয়
32 সপ্তাহ থেকে যদি আপনার শিশুর বৃদ্ধি নিয়ে কোনও উদ্বেগ না থাকে, তাহলে আপনার স্ক্যানগুলি প্রতি **3** থেকে **4** সপ্তাহ অন্তর করা হবে। এগুলি আপনার শিশুর জন্ম পর্যন্ত চলতে থাকবে।যদি

আপনার শিশুর বৃদ্ধি বা সুস্থতা নিয়ে কোনও উদ্বেগ থাকে, তাহলে আপনাকে আরও স্ক্যান করানোর প্রস্তাব দেওয়া হবে। পর্যালোচনার জন্য আপনাকে ম্যাটারনিটি ট্রিয়াজে আসতে বলা হবে।

- **নিয়মিত প্রসবপূর্ব অ্যাপয়েন্টমেন্ট।** আপনার মিডয়াইফ আপনার রক্তচাপ এবং প্রস্রাব

  পরীক্ষা করা চালিয়ে যাবেন। এটি এমনভাবে করা হয়, যাতে যেকোনো পরিবর্তন প্রাথমিক পর্যায়ে ধরা পড়ে।

- **কম ডোজ বা কম মাত্রার অ্যাসপিরিন**। জাতীয় নির্দেশিকা অনুযায়ী, আমরা আপনাকে প্রতিদিন কম মাত্রার অ্যাসপিরিন খাওয়ার পরামর্শ দিচ্ছি। অনুগ্রহ করে প্রতিদিন সন্ধ্যায় এটি খাবেন। অ্যাসপিরিনের প্রস্তাবিত ডোজ হল 150 মিলিগ্রাম। আপনি আপনার গর্ভাবস্থায়, কমপক্ষে 36 সপ্তাহ পর্যন্ত অ্যাসপিরিন গ্রহণ করা চালিয়ে যেতে পারেন। আপনার ডাক্তার বা মিডওয়াইফ আপনাকে আপনার শিশুর জন্ম না হওয়া পর্যন্ত এটি গ্রহণ চালিয়ে যাওয়ার

  পরামর্শ দিতে পারেন। আপনি যদি নিশ্চিত না হন, তবে আপনার মিডওয়াইফ বা ডাক্তারের সাথে এই বিষয়ে আলোচনা করতে পারেন। নিম্ন **PAPP-A** এর জটিলতার সাথে সম্পর্কিত ঝুঁকি কমাতে অ্যাসপিরিন সাহায্য করতে পারে।

অ্যাসপিরিন সস্তায় পাওয়া যায় এবং সুপারমার্কেট এবং ফার্মেসি থেকে কেনা যেতে পারে।

বিকল্পভাবে, আপনার জিপি আপনার জন্য এটি লিখে দিতে পারেন। আপনার যদি এই ধরণের

সমস্যা হয়, তবে আপনার মিডওয়াইফের সাথে কথা বলুন।
অ্যাসপিরিন খেতে থাকলে প্রি-এক্লাম্পসিয়া এবং আপনার শিশুর বৃদ্ধি সীমিত হয়ে যাওয়ার ঝুঁকি

প্রতিরোধ করা যেতে পারে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে **গর্ভাবস্থার** লিফলেটে কম ডোজের অ্যাসপিরিন (150 মিলিগ্রাম) পড়ুন।

সাহায্যের জন্য আমি কী করতে পারি?

গর্ভাবস্থায় আপনার শিশুর নড়াচড়া পর্যবেক্ষণ করা খুবই গুরুত্বপূর্ণ। বেশিরভাগ ক্ষেত্রে গর্ভবতী নারীরা সাধারণত গর্ভাবস্থার 16 থেকে 24 সপ্তাহের মধ্যে তাদের শিশুর নড়াচড়া অনুভব করতে শুরু

করে। আপনার শিশুর নড়াচড়া অনুভব করা একটি লক্ষণ যে তারা সুস্থ আছে। **এটি আপনার**

শিশুর সুস্থ না থাকার লক্ষণ হতে পারে যদি আপনি লক্ষ্য করেন যে, আপনার শিশুর নড়াচড়া:

- কমে গেছে
- উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে
- পরিবর্তিত হয়েছে; অথবা
- থেমে গেছে।

আপনার শিশুর নড়াচড়ায় কোনও পরিবর্তন লক্ষ্য করলে, অবিলম্বে ম্যাটারনিটি ট্রিয়াজের

সাথে যোগাযোগ করুন। এটি আপনার শিশুর জীবন বাঁচাতে পারে। তাদের নম্বর হলো 01227 206737, তাদেরকে সপ্তাহের 7 দিন, 24 ঘন্টা পাওয়া যায়।

ধূমপান আপনার শিশুর বৃদ্ধিকে প্রভাবিত করতে পারে, প্লাসেন্টার ভালভাবে কাজ করার ক্ষমতা

হ্রাস করে। আপনি যদি ধূমপান করেন, তাহলে গর্ভাবস্থায় সহায়তার জন্য আপনার মিডয়াইফ [ধাত্রী] আপনাকে আমাদের বিশেষজ্ঞ দলের কাছে পাঠাতে পারেন। তারা পরামর্শ দিতে এবং সাহায্য

করতে পারেন, যার মধ্যে নিকোটিন প্রতিস্থাপন থেরাপিও রয়েছে।

যোগাযোগের বিবরণ

- **প্রসূতি ট্রিয়াজের**
  টেলিফোন: 01227 206737, সাহায্য এবং পরামর্শের জন্য দিনের 24 ঘন্টা খোলা থাকে।

আরও তথ্য

ইস্ট কেন্ট হাসপাতাল। গর্ভাবস্থায় রোগীর তথ্য লিফলেটে কম মাত্রার অ্যাসপিরিন (150 মিলিগ্রাম)

গর্ভাবস্থায় অ্যাসপিরিন কম মাত্রায় গ্রহণের বিষয়ে পরামর্শ ও দিকনির্দেশনার জন্য।

https://leaflets.ekhuft.nhs.uk/low-dose-aspirin-150mg-in-pregnancy/html/

ইস্ট কেন্ট হাসপাতাল। জরায়ুর ধমনীর ডপলার আল্ট্রাসাউন্ড রোগীদের তথ্য সম্বলিত লিফলেট

আপনি যখন আপনার জরায়ুর ধমনীর ডপলার আল্ট্রাসাউন্ড স্ক্যান করানোর জন্য হাসপাতালে

আসবেন, তখন কী হবে সে সম্পর্কে তথ্য।

https://leaflets.ekhuft.nhs.uk/uterine-artery-doppler-ultrasound/html/

রয়্যাল কলেজ অব অবস্টেট্রিশিয়ানস অ্যান্ড গাইনোকোলজিস্ট (RCOG)। একটি ছোট বাচ্চা হওয়া। 2024.

যদি আপনাকে বলা হয়ে থাকে যে, আপনার ছোট শিশু হওয়ার সম্ভাবনা বেশি, অথবা আপনি

গর্ভবতী এবং বলা হয়েছে যে, আপনার শিশু প্রত্যাশার চেয়ে ছোট আকারে জন্ম নিতে পারে, তাহলে এই তথ্যপত্রটি আপনাকে সাহায্য করতে পারে।

https://www.rcog.org.uk/for-the-public/browse-our-patient-information/having-a-small-baby/

তথ্যসূত্র

- মরিস আরকে, জনস্টোন ই, লিস সি, এবং অন্যান্য। গর্ভাবস্থার জন্য কম বয়সী ভ্রূণ এবং বৃদ্ধি সীমাবদ্ধ ভ্রূণের তদন্ত ও যত্ন। গ্রিন-টপ নির্দেশিকা নং **31. BJOG:** অ্যান ইন্টারন্যাশনাল জার্নাল অব অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনোকোলজি**2024; 131 (9): e31-e80.**
- রয়্যাল কলেজ অব অবস্টেট্রিশিয়ানস অ্যান্ড গাইনোকোলজিস্ট (**RCOG).** একটি ছোট বাচ্চা হওয়া। মে **2024**

এই লিফলেটটি রোগীদের সাথে এবং তাদের জন্য তৈরি করা হয়েছে।

অনুগ্রহ করে আমাদের জানানঃ

- আপনার যদি কোনও অ্যাক্সেসযোগ্যতার [অ্যাক্সেসিবিলিটি] চাহিদা থাকে; এর মধ্যে রয়েছে একটি শ্রবণ সহায়ক লুপের প্রয়োজন বা আপনার অ্যাপয়েন্টমেন্টে কাউকে আপনার সাথে নিয়ে আসতে চাওয়া।
- যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন হয়।
- যদি আপনার এই তথ্য অন্য ফরম্যাটে প্রয়োজন হয় (যেমন ব্রেইল, অডিও, বড় হরফে ছাপা বা সহজ পাঠ্য)

আপনি আমাদের এটি জানাতে পারেনঃ

- ট্রাস্টের ওয়েবসাইট ভিজিট করে।
- আপনার অ্যাপয়েন্টমেন্ট লেটারের উপরে দেওয়া নম্বরে কল করে।
- রোগীদের পোর্টালে এই তথ্য যোগ করে।
- আপনার পরবর্তী অ্যাপয়েন্টমেন্টে একজন কর্মী সদস্যকে বলে।

যেকোনও অভিযোগ, মন্তব্য, উদ্বেগ বা প্রশংসা থাকলে, অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবা দলের কোনও সদস্যের সাথে কথা বলুন। অথবা রোগীর পরামর্শ ও যোগাযোগ পরিষেবার সাথে 01227 783145 নম্বরে যোগাযোগ করুন অথবা ইমেইল করুন।

রোগীদের বড় অঙ্কের টাকা বা মূল্যবান জিনিসপত্র হাসপাতালে নিয়ে আসা উচিত নয়। অনুগ্রহ করে মনে রাখবেন যে, ইস্ট কেন্ট হাসপাতাল ব্যক্তিগত মূল্যবান জিনিসপত্র হারিয়ে যাওয়া বা ক্ষতির জন্য কোনও দায় গ্রহণ করে না, যদি না সেগুলো সুরক্ষিত রাখার জন্য ট্রাস্ট কর্মীদের হাতে হস্তান্তর করা হয়।

ইস্ট কেন্ট হাসপাতালের ওয়েবসাইটে রোগীদের আরও তথ্যের লিফলেট পাওয়া যায়।

রেফারেন্স নম্বর: ওয়েব 039
প্রথম প্রকাশ
জুলাই 2025
সর্বশেষ পর্যালোচনা করা হয়েছে
জুলাই 2025
পরবর্তী পর্যালোচনার তারিখ
নভেম্বর 2028

কপিরাইট © ইস্ট কেন্ট হাসপাতাল ইউনিভার্সিটি এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট।